

"ছক"

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	রংপুর রেঞ্জাধীন পুলিশ কর্তৃক গৃহীত ব্যবস্থা
৪.	সিটিজেন চার্টার প্রণয়ন সংক্রান্ত: যে, সকল সরকারি অফিসে সিটিজেন চার্টার এখনও প্রণয়ন ও দৃশ্যমান করা হয়নি, সে সকল অফিসে তা দ্রুত প্রণয়ন করে দৃশ্যমান করার বিষয়ে সভায় আলোচনা হয় এবং সিটিজেন চার্টার প্রণয়নপূর্বক ওয়েব পোর্টালে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণকে অনুরোধ করেন।	১) সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েব পোর্টালের সংশ্লিষ্ট সেবা বক্সে আপনলোড করতে হবে। ২) সিটিজেন চার্টার অনুযায়ী কাঙ্ক্ষিতসেবা নিশ্চিত করতে হবে।	(১) রংপুর রেঞ্জ ডিআইজির কার্যালয় আওতাধীন সকল জেলা পুলিশের সিটিজেন চার্টার প্রণয়নপূর্বক দৃশ্যমান করা হয়েছে এবং অত্র অফিসের সিটিজেন চার্টার প্রণয়ন প্রক্রিয়াধীন এবং তা পরবর্তীতে digrangpur@police.gov.bd ওয়েব পোর্টালের তথ্য অধিকার সেবা বক্সে আপলোড করা হবে। (২) সিটিজেন চার্টার অনুযায়ী কাঙ্ক্ষিতসেবা নিশ্চিত করা হচ্ছে।
৫.	ওয়েব পোর্টাল হালনাগাদকরণ: এখন পর্যন্ত যে সব সরকারি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিলকারী কর্তৃপক্ষের নাম, পদবী, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা ওয়েব পোর্টালে হালনাগাদ নেই তা দ্রুত হালনাগাদ করে ওয়েব পোর্টালের তথ্য অধিকার সেবা বক্সে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণকে অনুরোধ করেন। সভাপতি অধিনস্ত অফিসসমূহে ওয়েব পোর্টাল হালনাগাদ করার নির্দেশনা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	১.সকল দপ্তরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিলকারী কর্তৃপক্ষ নিয়োগ করতে হবে এবং তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিলকারী কর্তৃপক্ষের নাম, পদবী, মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা ওয়েব পোর্টালের তথ্য অধিকার সেবা বক্সে আপলোড ও হালনাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২.সকল সরকারি দপ্তরে ওয়েব পোর্টাল সপ্তাহে ০১ (এক) দিন নিয়মিত হালনাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(১) রংপুর রেঞ্জ ডিআইজির কার্যালয় আওতাধীন অধিকাংশ জেলা পুলিশের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিলকারী কর্তৃপক্ষ নিয়োগ করে তা ওয়েব পোর্টালের তথ্য অধিকার সেবা বক্সে আপলোড করা হয়েছে এবং অবশিষ্ট জেলা গুলোতে উক্ত প্রক্রিয়া চলমান আছে। (২) অত্র রেঞ্জাধীন সকল দপ্তর সমূহে ওয়েব পোর্টাল সপ্তাহে ০১ (এক) দিন নিয়মিত হালনাগাদ করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।
৭.	নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ:	(১) তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় সকল সরকারি দপ্তরের নিয়োগপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে তথ্য কমিশনের ওয়েব লিংকে www.infocom.gov.bd মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। (২) আরটিআই অনলাইন প্রশিক্ষণে কোর্স সম্পন্নকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা নিধারিত ছক মোতাবেক প্রতিমাসের ৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	(১) রংপুর রেঞ্জ ডিআইজির কার্যালয় আওতাধীন সকল জেলা পুলিশের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে তথ্য কমিশনের ওয়েব লিংকে www.infocom.gov.bd মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং অবশিষ্ট জেলা গুলোতে উক্ত প্রক্রিয়া চলমান আছে। (২) রংপুর রেঞ্জ ডিআইজির কার্যালয় আওতাধীন সকল জেলা দপ্তরে আরটিআই অনলাইন কোর্স সম্পন্নকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা নিধারিত ছক মোতাবেক যথা সময়ে প্রেরণ করা হয়ে থাকে।
৮.	তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি সংক্রান্ত:	(১) তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন আইনের আলোকে দ্রুত নিষ্পত্তি করতে হবে। (২) অধিনস্ত অফিস থেকে তথ্য প্রাপ্তির আপিল আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে সনানি গ্রহণ করতে হবে। (৩) প্রেরিত ছক মোতাবেক তথ্য অধিকার আইনে প্রতি মাসের প্রাপ্ত আবেদনের তথ্য পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে অ কার্যালয়ে প্রেরণ করতে হবে	(১) তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন আইনের আলোকে দ্রুত নিষ্পত্তি করা হয়ে থাকে। (২) অধিনস্ত অফিস থেকে তথ্য প্রাপ্তির আপিল আবেদন প্রাপ্তী সাপেক্ষে নিষ্পত্তির জন্য সনানী গ্রহণ করা হয়ে থাকে। (৩) প্রেরিত ছক মোতাবেক তথ্য অধিকার আইনে প্রতি মাসের প্রাপ্ত আবেদনের তথ্য যথাসময়ে প্রেরণ করা হয়ে থাকে।
৯.	তথ্য বিনুস্করণ গাইডলাইন:	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারা মোতাবেক স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রকাশের বিধান রয়েছে। স্ব-প্রণোদিতভাবে স্ব স্ব অফিসের কোন কোন তথ্য দেয়া যাবে তার তালিকা ওয়েব পোর্টালের তথ্য অধিকার সেবা বক্সে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	রংপুর রেঞ্জ ডিআইজির কার্যালয় আওতাধীন সকল জেলা পুলিশের তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারা মোতাবেক পুলিশের স্ব-প্রণোদিতভাবে স্ব স্ব অফিসের কোন কোন তথ্য দেয়া যাবে তার তালিকা তৈরি পূর্বক ওয়েব পোর্টালে প্রকাশ করার কাজ আপলোড করা হয়েছে এবং অবশিষ্ট জেলা গুলোতে উক্ত প্রক্রিয়া চলমান আছে।
১০.	বিবিধ আলোচনা:	সভার কার্যবিবরণীর আলোকে নিয়মিত তথ্য এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	রংপুর রেঞ্জ ডিআইজির কার্যালয় আওতাধীন সকল জেলা পুলিশ অফিস হতে নিয়মিত তথ্য প্রদান করা হয়।

Adey
10/12/18

রাফে সামদান হুসাইন মোঃ আদেল

বিপি-৮৮১৮২২০৫৯৫

সহকারী পুলিশ সুপার (স্টাফ অফিসার টু ডিআইজি)

তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

পক্ষে-ডিআইজি, রংপুর রেঞ্জ

বাংলাদেশ পুলিশ, রংপুর।